**শিক্ষা বিনিয়োগ কর্মসূচী**
**সারসংক্ষেপ দলিল 2025**
**YSGOL GYMRAEG COED-Y-GOF–এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠার প্রস্তাব**সমূহ

**12 মে - 01 জুলাই 2025**

এই নথিটি ব্রেইলে উপলব্ধ করা যেতে পারে
**এটি সলাপরামর্শমূলক (কনসালটেশন) কোন নথি নয়**
**কনসালটেশনের নথি এখানে পাওয়া যায়:**
www.cardiff.gov.uk/ysgolcoedygofproposals

ভূমিকা

## এই পুস্তিকাটি কী সম্পর্কে?

কার্ডিফ কাউন্সিল Ely, Fairwater এবং Pentrebane এবং Llandaff, St Fagans, Radyr এবং Morganstown এর কিছু অংশে ওয়েলশ-মিডিয়াম নার্সারি বন্দোবস্তে পরিবর্তনের পরামর্শ দিচ্ছে।

এই পুস্তিকাটি এই পরিবর্তনগুলির উপর কনসালটেশন নথির একটি সংক্ষিপ্ত সংস্করণ। আপনি সম্পূর্ণ কনসালটেশন নথি খুঁজে পেতে পারেন এই সাইটে www.cardiff.gov.uk/ysgolcoedygofproposals

এটি YSGOL GYMRAEG COED-Y-GOF-এ পড়ছে অথবা পড়বে বলে আশা করা হচ্ছে এরূপ শিশুদের পিতামাতা/কেয়ারারদের জন্য বিশেষ আগ্রহের বিষয় হবে।

আমরা চাই সবাই যেনো বুঝতে পারেন যে কী প্রস্তাব করা হচ্ছে, যাতে আপনি পরিবর্তনগুলি সম্পর্কে কী ভাবছেন তা আমাদের বলতে পারেন।

## আমরা কী করার প্রস্তাব করছি?

কাউন্সিল তাদের প্রস্তাবের বিষয়ে কমিউনিটির মতামত চাইছে:

- স্কুলের অংশ হিসাবে একটি ওয়েলশ-মিডিয়াম নার্সারি ইউনিট প্রতিষ্ঠা করে YSGOL GYMRAEG COED-Y-GOF-এ বয়সসীমা 4 - 11 বছর থেকে 3 - 11 বছর বয়স পর্যন্ত প্রসারিত করা।

প্রস্তাবিত পরিবর্তনটি 2026 সালের সেপ্টেম্বর থেকে কার্যকর হবে।

## আমি কীভাবে আরও জানতে পারি?

এই নথিটি আমরা যে পরিবর্তনের কথা বলছি তার একটি সংক্ষিপ্তসার দেয়। এটি প্রস্তাবের কারণগুলি ব্যাখ্যা করে এবং যদি YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয় তবে কী হবে।

প্রস্তাবিত পরিবর্তনের সম্পূর্ণ বিবরণ www.cardiff.gov.uk/ysgolcoedygofproposals কনসালটেশন নথিতে পাওয়া যাবে।

আপনি যদি অনলাইনে তথ্য এক্সেস করতে অক্ষম হন তবে আপনি এই কনসালটেশন নথির একটি মুদ্রিত কপি আপনার কাছে পোস্ট করার জন্য বলতে পারেন। আপনি schoolresponses@cardiff.gov.uk ঠিকানায় ই-মেইল করে অথবা 029 2087 2720 নম্বরে টেলিফোন করে এই অনুরোধ করতে পারেন।

আমরা পাবলিক মিটিং এবং ড্রপ-ইন সেশনের আয়োজন করব যাতে যে কেউ উপস্থিত থাকতে পারে যেখানে আমরা যে পরিবর্তনগুলি প্রস্তাব করছি তা ব্যাখ্যা করা হবে। এই সেশনগুলির অংশ হিসাবে প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ আপনার থাকবে।

এগুলির তারিখ/সময় নীচে তালিকাভুক্ত করা হয়েছে।

| Consultation | Date and Time | Venue |
|---|---|---|
| ড্রপ -ইন- সেশন | বৃহস্পতিবার, ২২ শে মে ২০২৫<br>১.৩০ – ৩.৩০ বিকাল | Ely and Caerau Hub (ইলি এন্ড কায়রু হাব) |
| ড্রপ -ইন- সেশন | শুক্রবার, ০৬ জুন ২০২৫<br>১০ সকাল – ১২ দুপুর | Fairwater Hub (ফেয়ারওয়াটার হাব) |
| ড্রপ -ইন- সেশন | বুধবার, ১৮ জুন ২০২৫<br>৪.৪৫ – ৯.৪৫ | Ysgol Gymraeg Coed-Y-Gof (ইসগল গিমরায়েগ কোয়েড ই গফ) |
| ড্রপ -ইন- সেশন | বুধবার, ১৮ জুন ২০২৫<br>১০ সকাল – ১২ দুপুর | Radyr Hub (র‍্যাডার হাব) |
| অন লাইন ড্রপ -ইন- সেশন | বৃহস্পতিবার, ১২ জুন ২০২৫<br>১০.৩০ সকাল – ১২.৩০ দুপুর | Microsoft Teams (মাইক্রোসফট টীম) |
| অন লাইন ড্রপ -ইন- সেশন | বৃহস্পতিবার, ১৯ জুন ২০২৫<br>১.৩০ দুপুর – ৩.৩০ বিকাল | Microsoft Teams (মাইক্রোসফট টীম) |
| পাবলিক সভা | মঙ্গলবার, ১০ জুন ২০২৫<br>৬ সন্ধ্যা – ৭.৩০ সন্ধ্যা | Ysgol Gymraeg Coed-Y-Gof (ইসগল গিমরায়েগ কোয়েড ই গফ) |

কাউন্সিল YSGOL GYMRAEG COED-Y-GOF-এর কর্মী এবং পরিচালনা কমিটির সাথে এবং উক্ত স্কুলে যেসব শিশুরা পড়ে তাদের সাথেও বৈঠক করবে।

**আমি কীভাবে আমার মতামত জানাতে পারি?**

আপনার মতামতগুলি গুরুত্বপূর্ণ এবং আমরা চাই যে আপনি এই নথিতে প্রস্তাবিত পরিবর্তনগুলি সম্পর্কে আপনি কী ভাবেন তা আমাদের জানান।

আপনি এটি করতে পারেন:

- ব্যক্তিগতভাবে পাবলিক মিটিং বা ড্রপ-ইন সেশনে অংশ নিয়ে। এই সেশনগুলির জন্য আপনাকে অগ্রিম বুক করতে হবে না। শুধু নির্দিষ্ট তারিখ এবং সময়ে ভেন্যুতে উপস্থিত হন

- একটি অনলাইন ড্রপ-ইন সেশনে অংশ নিয়ে। আপনি কোন সেশনে অংশ নিতে চান তা নিশ্চিত করতে দয়া করে schoolresponses@cardiff.gov.uk ঠিকানায় ই-মেইলের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন এবং আপনি কীভাবে মিটিংয়ে এক্সেস করতে পারেন সে সম্পর্কে আমরা একটি লিঙ্ক এবং নির্দেশাবলী সরবরাহ করব

- সাড়া দেওয়ার ইলেক্ট্রনিক ফর্মটি পূরণ করে যা আপনি www.cardiff.gov.uk/ysgolcoedygofproposals সাইটে খুঁজে পেতে পারেন

- সাড়া দেওয়ার কনসালটেশন ফর্মটি মুদ্রণ এবং পূরণ করে, যা আপনি www.cardiff.gov.uk/ysgolcoedygofproposals সাইটে খুঁজে পেতে পারেন এবং স্কুল অর্গানাইজেশন প্ল্যানিং টিম, Room 463, County Hall, Cardiff, CF10 4UW ঠিকানায় ফর্মটি ডাকযোগে ফেরত দিতে পারেন

- schoolresponses@cardiff.gov.uk ঠিকানায় স্কুল অর্গানাইজেশন প্ল্যানিং টিমকে ই-মেইল করে বা Room 463, County Hall, Cardiff, CF10 4UW ঠিকানায় ডাকযোগে পাঠিয়ে। এর মধ্যে কোন অফিসারকে কল ব্যাক করার কথা বলা অন্তর্ভুক্ত থাকতে পারে যদি আপনার কাছে কোনও নির্দিষ্ট প্রশ্ন থাকে যে ব্যাপারে আপনি মনে করেন যে আপনি আরও তথ্য চান।

দয়া করে মনে রাখবেন যে লিখিত বা ই-মেইল দ্বারা প্রেরিত সমস্ত মন্তব্যগুলিতে মন্তব্য করা ব্যক্তির পুরো নাম এবং ডাক ঠিকানা থাকতে হবে।

**এই কনসালটেশনের ব্যাপারে মতামত/মন্তব্য জানানোর শেষ তারিখ 01 জুলাই 2025।**

দুর্ভাগ্যক্রমে, আমরা এই তারিখের পরে প্রাপ্ত কনসালটেশন **সম্পর্কিত কোন মতামত/মন্তব্য** করতে সক্ষম হব না।

# আমরা কেন পরিবর্তনের প্রস্তাব দিচ্ছি?

### শিক্ষা বিনিয়োগ কৌশল Caerdydd 2024 – 2033

2022 সালের জুনে, কাউন্সিল 'স্ট্রংগার, ফেয়ারার, গ্রিনার' ('অধিকতর শক্তিশালী, ন্যায্য, সবুজ') প্রকাশ করেছে যা পরবর্তী পাঁচ বছরের জন্য মূল থিম এবং প্রতিশ্রুতিগুলিকে তুলে ধরে। 'স্ট্রংগার, ফেয়ারার, গ্রিনার' এর লক্ষ্যকে সমর্থন করে কার্ডিফের শিক্ষাব্যবস্থার উন্নতির জন্য শিক্ষা বিনিয়োগ কৌশল Caerdydd 2024-2033 তৈরি করা হয়েছিল। এটি শিক্ষার জন্য নয় বছরের পরিকল্পনার রূপরেখা দেয়, জাতীয় অগ্রাধিকার এবং ন্যায্য ও টেকসই শিক্ষার প্রতি কার্ডিফের প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্য করে।

### কার্ডিফের সাসটেইনেবল কমিউনিটিস ফর লার্নিং রোলিং প্রোগ্রাম 2024 – 2033

সাসটেইনেবল কমিউনিটিস ফর লার্নিং রোলিং প্রোগ্রাম 2024 – 2033 একটি বিনিয়োগ কর্মসূচি যা শিক্ষার্থীদের শিক্ষার উন্নতির জন্য স্থানীয় এবং জাতীয় উভয় লক্ষ্য পূরণে সহায়তা করে।

### শিক্ষা কৌশল পরিকল্পনায় ওয়েলশ, কার্ডিফ (ডাব্লুইএসপি)

' Cymraeg 2050: এক মিলিয়ন ওয়েলশ স্পিকার' হলো ওয়েলশ ভাষার ব্যবহার বাড়ানোর জন্য ওয়েলশ সরকারের কৌশল। এটি 2050 সালের মধ্যে এক মিলিয়ন ওয়েলশ ভাষীর লক্ষ্যে পৌঁছানোর জন্য দীর্ঘমেয়াদী পদ্ধতিটি তুলে ধরে।

ওয়েলসের সমস্ত স্থানীয় কর্তৃপক্ষকে শিক্ষা কৌশলগত পরিকল্পনায় ওয়েলশ প্রকাশ করতে হবে। তাদের পরিকল্পনার মধ্যে, তাদের অবশ্যই ওয়েলশ ভাষায় শেখানো হয় এমন ইয়ার 1 শিশুদের প্রত্যাশিত বৃদ্ধির জন্য দশ বছরের লক্ষ্য নির্ধারণ করতে হবে। ওয়েলশ সরকার কর্তৃক কার্ডিফের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা 2031 সালের মধ্যে ওয়েলশ ভাষায় শিক্ষিত ইয়ার 1 এর 25% থেকে 29% এর মধ্যে। বর্তমানে এই হার প্রায় 18% ।

কাউন্সিল প্রতিটি ডব্লিউইএসপি ফলাফল মোকাবেলার জন্য একটি কর্মপরিকল্পনা বাস্তবায়ন করছে। ওয়েলশ-মিডিয়াম নার্সারি ক্লাসে ভর্তি হওয়া শিশুদের সংখ্যা বাড়ানো ওয়েলশ ভাষায় শিক্ষিত শিক্ষার্থীদের সংখ্যা বাড়াতে সহায়তা করবে।

## এই এলাকায় সেবা প্রদানকারী প্রাইমারি স্কুল এবং নার্সারি ক্লাসসমূহ

YSGOL GYMRAEG COED-Y-GOF কার্ডিফের Pentrebane এলাকায় 4 - 11 বছর বয়সী শিশুদের জন্য একটি দুটি ফর্ম অফ এন্ট্রি (এফই) ওয়েলশ-মিডিয়াম প্রাইমারি স্কুল। স্কুলটি Pentrebane প্রাইমারি স্কুলের সাথে একটি সাইট এবং এর বিল্ডিংয়ের কিছু অংশ ভাগ করে নিয়েছে।

বর্তমানে স্কুলে নার্সারির ক্লাস নেই।

YSGOL GYMRAEG COED-Y-GOF সাইটে Cwtch Childcare Pentrebaen অবস্থিত এবং নার্সারি এবং প্রাইমারি স্কুলের বয়সের শিক্ষার্থীদের জন্য সন্নিবেশিত চাইল্ড কেয়ার এবং হলিডে ক্লাব চাইল্ড কেয়ার প্রদান করার পাশাপাশি 2-3 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য ওয়েলশ-মিডিয়াম ফ্লাইং স্টার্ট প্লেইস প্রদান করে।

স্কুল ক্যাচমেন্ট অঞ্চলটি Ely, Fairwater এবং Pentrebane, এবং Llandaff, St Fagans, Radyr এবং Morganstown এর কিছু অংশে সেবা প্রদান করে।

এই অঞ্চলটিতে দ্বৈত ভাষার প্রাইমারি স্কুল Ysgol Gynradd Groes-wen প্রাইমারি স্কুল এবং Ely & Caerau শিশু কেন্দ্র দ্বারাও সেবা প্রদান করা হয়। এর প্রত্যেকটিতে একটি ওয়েলশ ভাষার নার্সারি ক্লাস অন্তর্ভুক্ত রয়েছে।

এই এলাকায় বেশ কয়েকটি ইংরেজি-মাধ্যম প্রাইমারি স্কুল রয়েছে এবং Hywel Dda Primary School, Herbert Thompson Primary School, Windsor Clive Primary School, Fairwater Primary School, Pentrebane Primary School, Peter Lea Primary School, Radyr Primary School, Bryn Deri Primary School, Llandaff CiW Primary School, Holy Family RC Primary School, St Fagans Primary School এবং St Francis RC Primary School সহ YSGOL GYMRAEG COED-Y-GOF এর ক্যাচমেন্ট অঞ্চলে সেবা প্রদান করে।

উপরোক্ত নামযুক্ত স্কুলগুলির মধ্যে ফেয়ারওয়াটার প্রাইমারি স্কুল, Llandaff CiW প্রাইমারি স্কুল এবং হলি ফ্যামিলি আরসি প্রাইমারি স্কুলের কোনও নার্সারি নেই।

## নার্সারি বন্দোবস্ত

কার্ডিফের শিশুরা তাদের তৃতীয় জন্মদিনের পরে টার্মের শুরু থেকে স্কুলে একটি খণ্ডকালীন নার্সারি প্লেইসে যেতে পারে। তাদের অবশ্যই সপ্তাহে কমপক্ষে পাঁচ অর্ধ দিন নার্সারি ক্লাসে অংশ নিতে হবে।

নার্সারি ক্লাসের জন্য কোনও ক্যাচমেন্ট এরিয়া নেই।

নার্সারি ক্লাসগুলি স্কুল ইয়ার জুড়ে শিক্ষার্থীদের তিনটি দলকে ভর্তি করে:

- অটাম্ টার্মে একটি 'রাইজিং 4' কোহর্ট (যারা অটাম্ টার্মের আগে 3 বছর বয়সে পৌঁছেছিল)
- জানুয়ারীতে শিশুদের আরও একটি দল (কোহর্ট) (যারা অটাম্ টার্মে 3 বছর বয়সে পৌঁছেছে), এবং
- এপ্রিলে আরেকটি দল (যারা স্প্রিং টার্মে 3 বছর বয়সে পৌঁছেছে)।

## নার্সারি ক্লাসের আসনগুলি পূরণ হওয়া

ওয়েলশ-মিডিয়াম নার্সারি বন্দোবস্তের বিশ্লেষণে দেখা গেছে যে YSGOL GYMRAEG COED-Y-GOF ক্যাচমেন্ট এরিয়া থেকে কম শিশু প্রতিবেশী অঞ্চলের তুলনায় ওয়েলশ-মিডিয়াম নার্সারি ক্লাসে যায়।

2024 সালের জানুয়ারিতে

- যারা ওয়েলশ-মিডিয়াম নার্সারিতে যায় তাদের অর্ধেকেরও বেশি Ysgol Gynradd Groes-wen-তে যায়।

- সেখানে 23 টি 'রাইজিং 4' নার্সারি ক্লাসের শিশু ছিল যাদের জন্য YSGOL GYMRAEG COED-Y-GOF নিকটতম ওয়েলশ-মিডিয়াম নার্সারি ক্লাস হত, যদি স্কুলে কোনও ক্লাস প্রতিষ্ঠিত হয়।

- YSGOL GYMRAEG COED-Y-GOF এর এক মাইলের মধ্যে বসবাসকারী 18 টি 'রাইজিং 4' শিশু ছিল যারা ওয়েলশ-মিডিয়াম নার্সারি ক্লাসে ভর্তি হয়েছিল, যার সেই 1 মাইল অঞ্চলের মধ্যে 18% শিক্ষার্থী।

YSGOL GYMRAEG COED-Y-GOF একটি ওয়েলশ-মিডিয়াম নার্সারি ক্লাস প্রতিষ্ঠায় সমর্থন করার জন্য পর্যাপ্ত স্থানীয় চাহিদা রয়েছে, যা বর্তমানে কেবল 4-11 বছর বয়সী শিশুদের সার্ভ করে।

স্কুলে নার্সারির অভাবে স্থানীয় পরিবারগুলি অন্যত্র জায়গা খুঁজতে বাধ্য হয়েছে। এর আগে, কেউ কেউ Cwtch Childcare Pentrebaen নার্সারি শিক্ষার এক্সেস পেয়েছিলেন, সাইটে একটি নন-মেইনটেইন্ড সরবরাহকারী কারণ দুই মাইলের মধ্যে কোনও স্কুল-ভিত্তিক নার্সারি ক্লাস ছিল না। অনেক শিশু এখন Ysgol Gynradd Groeswen প্রাইমারি স্কুলে পড়াশোনা করে কারণ এটির নিকটতম ওয়েলশ-মিডিয়াম নার্সারি ক্লাস রয়েছে।

## প্রাইমারি স্কুলের আসনগুলি পূরণ হওয়া

বহু বছর ধরে, YSGOL GYMRAEG COED-Y-GOF এর ক্যাচমেন্ট অঞ্চল থেকে আরও বেশি শিশু স্কুলের প্রকাশিত ভর্তি সংখ্যার 60টি স্থানের চেয়ে ওয়েলশ-মাধ্যম স্কুলে যোগ দিতে বেছে নিয়েছে।

উচ্চতর সামগ্রিক স্কুল গ্রহণের বছরগুলিতে, ক্যাচমেন্ট থেকে 40টিরও বেশি স্থানীয় শিক্ষার্থী ওয়েলশ-মিডিয়াম শিক্ষার জন্য বেছে নিয়েছিল। তবে, এই শিশুদের মধ্যে অনেকেই অন্যান্য স্কুলে পড়াশোনা করেছে, প্রায়শই বাড়ির কাছাকাছি বা যেগুলি নার্সারি ক্লাস অফার করে। অনেক শিশু যে স্কুলে নার্সারিতে পড়েছিল সেখানে রিসেপশনে যাওয়া অব্যাহত রাখে।

শহরজুড়ে প্রাইমারি স্কুলে কম শিক্ষার্থী প্রবেশ করায় আরও বেশি পরিবার বাড়ির কাছাকাছি স্কুল বেছে নিচ্ছে, যার ফলে YSGOL GYMRAEG COED-Y-GOF-এ ভর্তির হার হ্রাস পেয়েছে। যদিও স্কুলের সক্ষমতা হ্রাস উদ্বৃত্ত জায়গাগুলি মোকাবেলায় সহায়তা করতে পারে, এটি ওয়েলশ-মিডিয়াম শিক্ষার সম্প্রসারণের কাউন্সিলের লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে না।

রিসেপশন ক্লাসে ভর্তির সাম্প্রতিক বিশ্লেষণে দেখা যায়:

- YSGOL GYMRAEG COED-Y-GOF-এর জন্য প্রথম পছন্দের আবেদনকারীদের অর্ধেকেরও বেশি Pentrebane প্রাইমারি বা Ely এবং Caerau চিলড্রেনস সেন্টারের নার্সারি ক্লাস থেকে এসেছিলেন।
- দশটি শিশু অন্যান্য ওয়েলশ-মিডিয়াম নার্সারি থেকে এসেছিল, তিনটি ইংলিশ-মিডিয়াম সেটিংসে অংশ নেওয়া শিশুদের কাছ থেকে এবং ছয়জন কোনও নার্সারি ক্লাসে অংশ নেয়নি।

## YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠার প্রস্তাব

YSGOL GYMRAEG COED-Y-GOF-এ একটি নার্সারি ক্লাস প্রতিষ্ঠা করা:

- ওয়েলশ-মিডিয়াম শিক্ষার বৃদ্ধিকে সমর্থন করবে।
- কার্ডিফ কাউন্সিল এবং দ্বিভাষিক কার্ডিফ কৌশলগত লক্ষ্যগুলির সাথে সারিবদ্ধ করবে।
- স্থানীয় পরিবারগুলির জন্য এক্সেস উন্নত করুন এবং 3 থেকে 11 বছর বয়স পর্যন্ত শিশুদের একটি স্কুলে চালিয়ে যাওয়ার সুযোগ দিবে।
- YSGOL GYMRAEG COED-Y-GOF বজায় রাখতে এবং বৃদ্ধি করতে সহায়তা করবে।

2024 সালের জানুয়ারির তথ্য থেকে জানা যায় যে 28-36 জন যোগ্য স্থানীয় শিশু রয়েছে, যা প্রাথমিকভাবে 24টি খণ্ডকালীন নার্সারি জায়গার প্রস্তাবকে ন্যায়সঙ্গত করে, প্রয়োজনে সম্প্রসারণের জন্য জায়গা রয়েছে।

বিদ্যমান বন্দোবস্তে অপূর্ণ জায়গার সংখ্যা হ্রাস করে স্থানগুলির এই বৃদ্ধির অর্থায়ন করা হবে। এর অর্থ হলো সামগ্রিকভাবে ব্যয় বৃদ্ধি পাবে না। কাউন্সিল স্থানীয় চাহিদাসমূহ প্রতিফলিত করার জন্য 2026/27 সালে স্থান গ্রহণ পর্যালোচনা এবং সেই অনুযায়ী বন্দোবস্ত সামঞ্জস্য করার পরিকল্পনা করেছে। যদি চাহিদা কম থাকে তবে স্থানটি অন্যভাবে ব্যবহার করা হতে পারে, যেমন কমিউনিটির ব্যবহারের জন্য।

## গুণগতমান এবং আদর্শমান

কাউন্সিল স্কুলগুলির পরিচালনা কমিটির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে এ নিশ্চিত করার জন্য যে স্কুলগুলিতে মান উচ্চ, শিক্ষাদান ভাল এবং নেতৃত্ব ও প্রশাসন শক্তিশালী।

YSGOL GYMRAEG COED-Y-GOF এর মানগুলি ভাল।

স্কুলে নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠা করা শিক্ষাগত সুবিধার সুযোগ প্রদান করে।

স্কুলগুলি বিদ্যমান অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলতে পারে, বর্তমান এবং ভবিষ্যতের শিক্ষার্থীদের জন্য শিক্ষার মান এবং আদর্শমানের উপর ইতিবাচক প্রভাব নিশ্চিত করে।

## প্রস্তাবিত নার্সারি বন্দোবস্ত কীভাবে সামঞ্জস্য করা হবে

YSGOL GYMRAEG COED-Y-GOF ভবনগুলি সাধারণত সন্তোষজনক অবস্থায় রয়েছে বলে মনে করা হয়, যদিও কিছু কিছু এলাকায় মনোযোগ দেওয়া প্রয়োজন।

বিদ্যমান ভবনের মধ্যে নার্সারি শ্রেণী স্থাপন করা হবে। এর জন্য বয়সসীমা বাড়ানোর জন্য ন্যূনতম অভিযোজন এবং পুনঃসংস্থানের প্রয়োজন হবে।

রিসেপশন এবং ইয়ার 1 সহ একটি সুরক্ষিত অঞ্চলে অবস্থিত একটি ডাবল ডিমাউন্টেবল ইউনিট রয়েছে, যা স্কুলে নার্সারি বন্দোবস্তকে সামঞ্জস্য করতে পারে। এটিতে ভাগ করা অঞ্চল এবং বহিরাগত প্রবেশদ্বার এবং ড্রপ অফ এবং পিক আপের জন্য প্রস্থান সহ উপযুক্ত সুবিধা রয়েছে।

## YSGOL GYMRAEG COED-Y-GOF–এ নার্সারি বন্দোবস্ত স্থাপনের সুবিধা কী কী?

স্কুলে নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠা করা শিক্ষণ এবং পরিকল্পনার জন্য একটি সামঞ্জস্যপূর্ণ পদ্ধতি তৈরি করবে, সামগ্রিক মান বাড়াতে সহায়তা করবে।

উপকারিতার মধ্যে রয়েছে:

- আরও স্থানীয় ওয়েলশ-মিডিয়াম নার্সারি জায়গা
- পরিবারগুলির ভ্রমণ কমেছে
- রিসেপশনে সহজে ট্রানজিশন
- পিতামাতার শক্তিশালী প্রারম্ভিক সম্পৃক্ততা
- শিক্ষার চাহিদাসমূহের প্রারম্ভিক সনাক্তকরণ
- একটি সমন্বিত প্রারম্ভিক বছর এবং ভিত্তি পর্বের মাধ্যমে শিশুদের শেখার এবং কল্যাণের ধারাবাহিকতা উন্নত করা।

## ছাত্রদের জন্য সমর্থন কীভাবে প্রভাবিত হবে?

স্কুল প্রতিটি শিক্ষার্থীর স্বতন্ত্র প্রয়োজনের জন্য উপযুক্ত সহায়তা প্রদান অব্যাহত রাখবে।

প্রস্তাবিত পরিবর্তনগুলি দ্বারা নীচের কোনও গোষ্ঠীর প্রয়োজনীয়তা নেতিবাচকভাবে প্রভাবিত হবে এমন পরামর্শ দেওয়ার মতো কোনও তথ্য নেই:

- অতিরিক্ত শেখার প্রয়োজন সহ শিক্ষার্থীরা
- অতিরিক্ত ভাষা হিসাবে ইংরেজি সহ শিক্ষার্থীরা
- শিক্ষার্থীরা বিনামূল্যে স্কুল খাবারের জন্য যোগ্য বলে পরিচিত
- সংখ্যালঘু জাতিগত ছাত্র

## অন্যান্য স্কুলের উপর প্রভাব

YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠার প্রস্তাবের লক্ষ্য অন্যান্য স্কুলের উপর নেতিবাচক প্রভাব হ্রাস করার সময় টেকসই স্কুল বৃদ্ধিকে সমর্থন করা।

YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠা স্কুলে স্থান গ্রহণের বৃদ্ধিকে সমর্থন করবে, তবে Ely ও Caerau চিলড্রেনস সেন্টার, Pentrebane প্রাইমারি স্কুল এবং Ysgol Gynradd Groes-wen প্রাইমারি স্কুল সহ অন্যান্য স্কুলে ভর্তি হ্রাস করতে পারে।

প্রস্তাবিত নার্সারিটি কিছু স্কুলে পূর্বে পূর্ণ নার্সারি ক্লাসে ইনটেক হ্রাস করতে পারে এবং পরবর্তীকালে রিসেপশন ইয়ারে ভর্তির জন্য প্রয়োজনীয় শিশুদের সংখ্যা হ্রাস করতে পারে।

তবে পরিবর্তনটি স্থানীয়ভাবে এবং আশেপাশের অঞ্চলে ওয়েলশ-মিডিয়াম শিক্ষার এক্সেস বাড়িয়ে তুলবে।

## আর্লী ইয়ার্স বন্দোবস্তের উপর প্রভাব

YSGOL GYMRAEG COED-Y-GOF-এ প্রস্তাবিত নার্সারি ক্লাসটি নার্সারি এবং সন্নিবেশিত চাইল্ড কেয়ারের জন্য পরিবারগুলির ভ্রমণের প্রয়োজনীয়তা হ্রাস করতে পারে, সম্ভাব্যভাবে স্থানীয় সার্ভিসগুলিতে উপকৃত বা নিরপেক্ষ প্রভাব ফেলবে।

যদিও এটি নিকটবর্তী ওয়েলশ-মিডিয়াম নার্সারিগুলিতে চাহিদা হ্রাস করতে পারে, নির্দিষ্ট শিশু যত্ন সরবরাহকারীদের উপর প্রভাব অনিশ্চিত, কারণ খালি জায়গাগুলি অন্যান্য আবেদনকারীদের দ্বারা পূরণ করা যেতে পারে।

## প্রস্তাবগুলির সম্ভাব্য অসুবিধাগুলি

- YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠা করা নিকটবর্তী ওয়েলশ-মিডিয়াম স্কুলগুলিতে তালিকাভুক্তির উপর প্রভাব ফেলতে পারে, যদিও এটি স্বল্পমেয়াদী হবে বলে আশা করা হচ্ছে, ওয়েলশ-মিডিয়াম শিক্ষার সামগ্রিক বৃদ্ধি ওয়েলশ ইন এডুকেশন স্ট্র্যাটেজিক প্ল্যান (ডাব্লুইএসপি) এর মাধ্যমে পরিকল্পনা করা হয়েছে।

- ট্র্যাফিকের একটি সামান্য বৃদ্ধি সম্ভব, বিশেষত লাইম গ্রোভ প্রবেশদ্বারের আশেপাশে, যা বর্তমানে সকাল 8:30টা-9:30টা এবং দুপুর 2:30টা-3:30টা পর্যন্ত সীমাবদ্ধ এক্সেস সহ "স্কুল স্ট্রিট" হিসাবে কাজ করে। প্রস্তাবিত নার্সারি সেশনের সময়গুলি চিহ্নিত করতে হবে এবং স্কুল স্ট্রিটের সময় পরিবর্তন করতে হবে কিনা সে সম্পর্কে একটি মূল্যায়ন করা দরকার।

## ঝুঁকিসমূহ

- ওয়েলশ-মিডিয়াম নার্সারি জায়গাগুলি নিতে ইচ্ছুক শিক্ষার্থীদের সংখ্যা বৃদ্ধি না হওয়ার ঝুঁকি রয়েছে। কাউন্সিল তার অনুমানগুলি (প্রজেকশন) পর্যালোচনার অধীনে রাখবে এবং প্রয়োজনে চাহিদায় এ জাতীয় যেকোন পরিবর্তনের প্রতিক্রিয়া জানাবে।

## বিকল্পসমূহ বিবেচনা করা হয়েছে

YSGOL GYMRAEG COED-Y-GOF-এ ওয়েলশ-মিডিয়াম নার্সারি বন্দোবস্ত স্থাপনের বিকল্প পছন্দগুলি:

- কিচ্ছু না করা
- বিদ্যমান বন্দোবস্তগুলিতে ওয়েলশ-মিডিয়াম নার্সারি স্থানের সংখ্যা বাড়ানো।

তবে, YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠা করা সরাসরি ওয়েলশ-মিডিয়াম শিক্ষার বৃদ্ধিকে সমর্থন করবে এবং দ্বিভাষিক কার্ডিফ 5-বছরের কৌশল এবং কার্ডিফ কাউন্সিলের 10 বছরের ডব্লিউইএসপি-র লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্য করবে।

বিদ্যমান ফ্লাইং স্টার্ট বন্দোবস্ত ইতিমধ্যে সাইটে রয়েছে, একটি ওয়েলশ-মিডিয়াম নার্সারি যুক্ত করা স্থানীয় কমিউনিটির জন্য এক্সেসযোগ্যতা উন্নত করবে, আরও পরিবারকে আকৃষ্ট করবে এবং স্কুলের দীর্ঘমেয়াদী স্থায়িত্ব বাড়িয়ে তুলবে।

## স্টাফরা কীভাবে প্রভাবিত হবে

YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি ব্যবস্থা প্রতিষ্ঠার প্রস্তাবের জন্য গভর্নিং বডিকে কর্মীদের প্রয়োজনীয়তা মূল্যায়ন করা দরকার।

গভর্নিং বডিকে স্কুল অর্গানাইজেশন প্ল্যানিং এইচআর ফ্রেইমওয়ার্ক অনুসরণ করতে উৎসাহিত করা হবে, এইচআর পিপল সার্ভিসেস প্রয়োজনে কর্মশক্তি পরিকল্পনা এবং নিয়োগের বিষয়ে পরামর্শ, সহায়তা এবং দিকনির্দেশনা প্রদান করবে।

এইচআর পিপল সার্ভিসেস গভর্নিং বডিগুলিকে পরামর্শ, সহায়তা এবং গাইডেন্স প্রদান করবে যদি তাদের কর্মীদের প্রয়োজনীয়তা YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত স্থাপনের প্রস্তাবের ফলাফল দ্বারা প্রভাবিত হয়।

## প্রস্তাবিত পরিবর্তনের অর্থায়ন

নতুন প্রতিষ্ঠিত নার্সারি বন্দোবস্তটি ফাউন্ডেশন পর্ব কার্যক্রমের জন্য পূর্বে ব্যবহৃত বিদ্যমান স্থানগুলি ব্যবহার করবে। এই সুবিধাগুলির যেকোন প্রয়োজনীয় আপগ্রেইডের জন্য ন্যূনতম অতিরিক্ত তহবিল প্রয়োজন।

নার্সারিতে ভর্তি হওয়া ছেলেমেয়েদের জন্য অতিরিক্ত সংস্থানগুলি স্কুলের গভর্নিং বডি দ্বারা অর্থায়ন করা হবে।

YSGOL GYMRAEG COED-Y-GOF–এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠা করা নার্সারি জায়গাগুলির জন্য সামগ্রিক শহরব্যাপী তহবিলকে প্রভাবিত করবে বলে আশা করা হচ্ছে না। কাউন্সিল অন্যান্য স্থানীয় স্কুলগুলিতে কম খালি জায়গা তহবিল দেবে। পিতামাতার অগ্রাধিকার ডেটা এবং পিএলএএসসি বিশ্লেষণ বর্তমানে প্রতিটি বন্দোবস্তে অর্থায়িত নার্সারি স্থানগুলির উপযুক্ত সংখ্যা নির্ধারণ করতে ব্যবহৃত হয় এবং ব্যবহার করা অব্যাহত থাকবে।

## পরিবহণ গুরুত্বপূর্ণ

নার্সারি অন্তর্ভুক্ত করার জন্য স্কুলের বয়সসীমা বাড়ানো নার্সারি এবং প্রাইমারি শিক্ষার জন্য পরিবারগুলির পৃথক যাত্রার সংখ্যা হ্রাস করে সামগ্রিক ভ্রমণ এবং দূষণ হ্রাস করতে পারে।

তবে, একটি 24–পার্ট টাইম প্লেইস নার্সারি যানবাহনের ট্র্যাফিককে কিছুটা বাড়িয়ে তুলতে পারে, বিশেষত ড্রপ–অফ এবং পিক–আপের সময়। কিছু নার্সারি শিশু ইতোমধ্যে স্কুলে ভাইবোনদের সাথে ভ্রমণ করতে পারে।

যদিও নার্সারিটি YSGOL GYMRAEG COED-Y-GOF–এ আরও তালিকাভুক্তি আকর্ষণ করতে পারে, সম্ভাব্যভাবে ট্র্যাফিক বাড়িয়ে তুলতে পারে, এটি অন্যান্য ওয়েলশ–মিডিয়াম স্কুলগুলিতে ভ্রমণও হ্রাস করতে পারে।

লাইম গ্রোভ প্রবেশদ্বারের কাছে বিদ্যমান যানজট ব্যস্ত সময়ে পরিচালিত হয়। এই বিধিনিষেধগুলির সামঞ্জস্য প্রয়োজন কিনা তা নির্ধারণের জন্য প্রস্তাবিত নার্সারি সেশনগুলির সময়টি পর্যালোচনা করা দরকার।

কোনও নতুন ট্র্যাফিক বিধিনিষেধের পরিকল্পনা করা হয়নি, তবে চলমান পর্যবেক্ষণ অব্যাহত থাকবে।

## ওয়েলশ ভাষার উপর প্রস্তাবিত পরিবর্তনের প্রভাব

আশা করা হচ্ছে যে প্রস্তাবটি ওয়েলশ ভাষার উপর ইতিবাচক প্রভাব ফেলবে।

YSGOL GYMRAEG COED-Y-GOF–এ একটি ওয়েলশ–মিডিয়াম নার্সারি ক্লাস প্রতিষ্ঠা সরাসরি ওয়েলশ–মিডিয়াম শিক্ষার বৃদ্ধিকে সমর্থন করবে। এটি দ্বিভাষিক কার্ডিফের 5 বছরের কৌশল এবং কার্ডিফ কাউন্সিলের 10 বছরের ডব্লিউইএসপি পরিকল্পনা উভয়ের ফলাফল, লক্ষ্য এবং আকাঙ্ক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ।

প্রস্তাবটি এই অঞ্চলে পিতামাতার পছন্দ বাড়িয়ে তুলবে এবং ওয়েলশ–মিডিয়াম শিক্ষার বর্ধিত বন্দোবস্তকে সমর্থন করবে।

## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### কেন ওয়েলশ-মিডিয়াম শিক্ষা বেছে নেবেন?

ওয়েলশ-মিডিয়াম শিক্ষার একটি খুব সহজ লক্ষ্য রয়েছে, পাঠ্যক্রম জুড়ে অন্যান্য সমস্ত বিষয় শেখানোর সময় শিশুদের ইংরেজি এবং ওয়েলশ উভয় ক্ষেত্রেই পুরোপুরি সাবলীল হয়ে উঠতে সক্ষম করা।

ছোট বাচ্চারা খুব সহজেই ভাষা শেখে।

গবেষণা দেখায় যে ওয়েলশ-মিডিয়াম শিক্ষা শিশুদের ইংরেজি এবং ওয়েলশ উভয় ভাষাতেই দ্বিভাষিক হওয়ার সর্বোত্তম উপায়।

দ্বিভাষিক হওয়ার অনেক সুবিধা রয়েছে। কর্মক্ষেত্রে দক্ষতা হিসেবে এটি খুবই উপকারী। ওয়েলশ ভাষায় কথা বলার ক্ষমতা ক্রমবর্ধমান সংখ্যক কাজের জন্য একটি প্রয়োজনীয় বা পছন্দসই দক্ষতা।

### আমরা বাড়িতে ওয়েলশ ভাষায় কথা বলি না – এটি কি আমার সন্তানকে আলাদা করে তুলবে?

একদমই নয়। কার্ডিফে ওয়েলশ-মিডিয়াম শিক্ষার 70% এরও বেশি শিশু বাড়িতে ওয়েলশ ভাষায় কথা বলে না। এবং তাদের কারও কারও জন্য, ইংরেজি ব্যতীত অন্য একটি ভাষা বাড়ির প্রধান ভাষা।

ওয়েলশ-মিডিয়াম স্কুলগুলি আশা করে না যে শিশুরা যখন শুরু করবে তখন তারা ওয়েলশ ভাষায় কথা বলবে, তবে সেই শিশুদের তাদের প্রথম বছর শেষ হওয়ার আগে ওয়েলশ ভাষায় সাবলীল হতে সহায়তা করবে।

ওয়েলশ-মিডিয়াম প্রাইমারি স্কুল ছেড়ে যাওয়া শিশুরা ইংরেজি-মিডিয়াম প্রাইমারি স্কুলের মতো ইংরেজির ঠিক একই মানে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। এবং মাধ্যমিক স্কুলে ওয়েলশ-মিডিয়াম শিক্ষার শিশুরা ইংরেজি-মিডিয়াম স্কুলগুলির মতো ঠিক একই জিসিএসই এবং এ-লেভেলে পরীক্ষা দেয়।

### আমি যদি ওয়েলশ ভাষায় কথা না বলি তবে আমি কীভাবে আমার সন্তানকে হোমওয়ার্কে সহায়তা করতে পারি?

যেহেতু বেশিরভাগ শিশু বাড়িতে ওয়েলশ ভাষায় কথা বলে না, তাই ওয়েলশ-মিডিয়াম স্কুলগুলি শিক্ষার্থী এবং পিতামাতা উভয়কেই সমর্থন করার ক্ষেত্রে খুব অভিজ্ঞ।

অল্প বয়স্ক শিক্ষার্থীদের জন্য, হোমওয়ার্ক নির্দেশাবলী ইংরেজি এবং ওয়েলশ উভয় ভাষায় লিখিতভাবে দেওয়া হবে।

বেশি বয়সে, শিশুরা তাদের পিতামাতার কাছে তাদের কাজ ব্যাখ্যা করতে সক্ষম হবে। প্রকৃতপক্ষে, গবেষণা পরামর্শ দেয় যে দুটি ভাষায় তাদের কাজ মোকাবেলা করা আসলে শিশুরা যে বিষয়টি অধ্যয়ন করছে তা বুঝতে সহায়তা করতে পারে।

শিক্ষা ওয়েবসাইট এইচডাব্লুবি জাতীয়ভাবে সরবরাহিত ডিজিটাল লার্নিং সরঞ্জাম এবং সংস্থানগুলিতে অ্যাক্সেস দেয় www.hwb.wales.gov.uk

## নার্সারির ব্যবস্থা কবে খুলবে?

প্রস্তাবে রাজি হলে 2026 সালের সেপ্টেম্বর থেকে শিশুদের নার্সারিতে ভর্তি করার প্রস্তাব দেওয়া হয়েছে। তবে এটি প্রয়োজনীয় বিধিবদ্ধ প্রক্রিয়া সাপেক্ষে।

## নার্সারি প্লেইসে ভর্তির বিষয়ে কার্ডিফ কাউন্সিলের নীতি কী?

শিশুরা তাদের তৃতীয় জন্মদিনের পরে টার্মের শুরু থেকে একটি খণ্ডকালীন নার্সারি জায়গার অধিকারী। যেখানেই সম্ভব স্থানীয় কমিউনিটি নার্সারি স্কুল বা নার্সারি ক্লাসে শিশুর বসবাসের জায়গার দুই মাইলের মধ্যে জায়গা দেওয়া হয়। যদি স্থানীয় কমিউনিটি নার্সারি স্কুল বা ভাষা মাধ্যমের নার্সারি ক্লাসে জায়গাগুলি অনুপলব্ধ থাকে তবে পিতামাতারা স্বীকৃত সরবরাহকারীর সাথে নার্সারি শিক্ষার স্থান তহবিলের জন্য আবেদন করতে পারেন।

নার্সারি ক্লাসে উপস্থিতি স্বয়ংক্রিয়ভাবে কোনও শিশুকে একই স্কুলে রিসেপশন শ্রেণীর জায়গার অধিকারী করে না এবং তাই রিসেপশন শ্রেণীর স্থানগুলির জন্য একটি নতুন আবেদন করা আবশ্যক।

## সন্নিবেশিত যত্ন পাওয়া যাবে?

Cwtch Childcare Pentrebaen, Ysgol Gymraeg Coed-Y-Gof এর সাথে ভাগ করা সাইটে, নার্সারি এবং প্রাইমারি স্কুলের বয়সের শিক্ষার্থীদের জন্য সন্নিবেশিত চাইল্ড কেয়ার এবং হলিডে ক্লাব চাইল্ড কেয়ার সরবরাহ করার পাশাপাশি 2-3 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য ওয়েলশ-মিডিয়াম ফ্লাইং স্টার্ট প্লেইস সরবরাহ করে।

## নার্সারি সেশনগুলি কি সকাল বা বিকেলে হবে?

নার্সারি সেশনের সময় চূড়ান্ত হয়নি তবে পছন্দনীয় সময় সকাল 9টা থেকে সাড়ে 11টা।

## আমি কি আমার সন্তানের পাশাপাশি ওয়েলশ শিখতে পারি?

কিছু বাবা-মা তাদের সন্তানের জন্য ওয়েলশ-মিডিয়াম স্কুল বেছে নেওয়ার পরে, ওয়েলশও শেখার সিদ্ধান্ত নেন।

একসাথে শেখার, একে অপরের উপর আপনার ভাষা দক্ষতা অনুশীলন করার এবং একসাথে মানসম্পন্ন সময় ব্যয় করার জন্য এটি একটি দুর্দান্ত সুযোগ। প্রাপ্তবয়স্কদের জন্য ওয়েলশ কোর্সগুলি কার্ডিফ জুড়ে উপলব্ধ এবং সমস্ত স্তরের শিক্ষার্থীদের জন্য উপযুক্ত।

আরও তথ্যের জন্য, দয়া করে www.learnwelsh.cymru সাইটটি দেখুন।

## এরপর কী হবে?

কাউন্সিল এই কনসালটেশন থেকে মতামত/মন্তব্য সংগ্রহ ও সংক্ষিপ্তসার করবে। এরপর কাউন্সিল কর্মকর্তারা বিষয়টি কাউন্সিলের ক্যাবিনেটে জানাবেন। কাউন্সিলের ওয়েবসাইটে যে কেউ দেখতে/ডাউনলোড করার জন্য কনসালটেশন রিপোর্টটি উপলব্ধ থাকবে। আপনি এই নথিতে যোগাযোগের বিশদটি ব্যবহার করে একটি কপিও পেতে পারো।

যদি কনসালটেশনের পরে প্রস্তাবটি এগিয়ে যেতে সম্মত হয় তবে কাউন্সিলকে অবশ্যই একটি 'বিধিবদ্ধ নোটিশ' প্রকাশ করতে হবে। এটি একটি আনুষ্ঠানিক বিবৃতি যা বলছে যে পরিবর্তনগুলি কীভাবে এগিয়ে যাবে।

বিধিবদ্ধ নোটিশে প্রস্তাবের বিশদ বিবরণ তুলে ধরা হয়েছে এবং কেউ আপত্তি জানাতে চাইলে তা করতে বলা হয়েছে। আপত্তি লিখিতভাবে জানাতে হবে। নোটিশে উল্লেখিত তারিখের মধ্যে তা দাখিল করতে হবে।

ক্যাবিনেট YSGOL GYMRAEG COED-Y-GOF-এ নার্সারি বন্দোবস্ত প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদন বা প্রত্যাখ্যান করার সিদ্ধান্ত নিতে পারে, অথবা তারা কিছু পরিবর্তন (সংশোধন) সহ প্রস্তাবটি অনুমোদন করতে পারে। ক্যাবিনেট তাদের সিদ্ধান্ত গ্রহণের সময় আপত্তির সময়কালে প্রাপ্ত যেকোন আপত্তি বিবেচনায় নেবে।